

যুগান্তর

আজ ও মঙ্গলবারের পরীক্ষা স্থগিত তিন শিক্ষক ও ৭৩ শিক্ষার্থী বহিষ্কার করাগারে ২

যুগান্তর রিপোর্ট

নতুন করে ৭২ ঘণ্টার হরতাল দেয়ায় আজ ও মঙ্গলবারের এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। তবে নতুন তারিখ এখনও ঘোষণা করা হয়নি। শনিবার নবম দিনের পরীক্ষায় সারা দেশে ৭৩ শিক্ষার্থী ও ৩ শিক্ষক বহিষ্কার হয়েছেন। এদের বিরুদ্ধে পরীক্ষায় অসদুপায় তুললখন ও তাতে সহায়তার অভিযোগ আনা হয়েছে। শিক্ষকদের মধ্যে দিনাজপুর বোর্ডের অধীন কুড়িগ্রামের রতন কুমার সরকারকে এক মাসের কারাদণ্ড দেয়া হয়। প্রস্তুতি পরীক্ষা দিতে গিয়ে চৌদ্দগ্রামে এক ভূয়া পরীক্ষার্থীকে জেলহাজতে পাঠানো হয়েছে। নবল করতে না দেয়ায় আমতলীতে লাঞ্চিত হয়েছেন এক শিক্ষক। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ও পরীক্ষা বিষয়ে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় বহিষ্কার : পৃষ্ঠা ১৯ : কলাম ৫

বহিষ্কার : ৭৩ শিক্ষার্থী

(শেষ পৃষ্ঠার পর)

সাব-কমিটির আহ্বায়ক ড: শ্রীকান্ত কুমার চন্দ্র জানান, 'আমরা রোববার ও মঙ্গলবারের পরীক্ষা স্থগিত করেছি। পরিবর্তিত তারিখ পরে ঘোষণা করা হবে। এ দুটি নিয়ে মোট ৪ দিনের পরীক্ষা স্থগিত করা হয়েছে। এর বাইরে আরও দু'দিনের পরীক্ষা হরতালের কারণে নেয়া যায়নি, যা ১৩ ও ১৪ মার্চ নেয়া হবে। শুই দু'দিন যথাক্রমে ১২ ফেব্রুয়ারি এবং ১ মার্চের পরীক্ষা হবে। শনিবারের পরীক্ষা: আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি সূত্র জানিয়েছে, এদিন ১২ লাখ ৪৭ হাজার ৪৪ শিক্ষার্থীর পরীক্ষায় অংশ নেয়ার কথা ছিল। কিন্তু ৪ হাজার ২৮৬ জন অনুপস্থিত ছিল। আর মোট ৭৩ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে রাজশাহী বোর্ডে ২৩ জন, কুমিল্লায় ১ জন, চট্টগ্রামে ১ জন, দিনাজপুর বোর্ডে ২ জন, মাদ্রাসা বোর্ডে ১৬ জন এবং কারিগরি বোর্ডে ৩০ জন রয়েছে। বহিষ্কৃত ৩ শিক্ষকের মধ্যে মাদ্রাসা বোর্ডে ২ জন ও অপরজন দিনাজপুর বোর্ডের। শনিবার এসএসসিতে বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান, উচ্চতর গণিত (তৃতীয়) এবং মাদ্রাসা বোর্ডে বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষা ছিল। আর এসএসসি ও দাখিল ভোকেশনালে সকাব-বিবাল দুই বেলায় ৬২টি বিষয়ের এ পরীক্ষা নেয়া হয়। এ পরীক্ষাটি হওয়ার কথা ছিল ২৬ ফেব্রুয়ারি। যুগান্তরের কুড়িগ্রাম ও উলিপুর প্রতিনিধি জানান, উলিপুর মহারাণী রুশমিয়া কলেজ কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীর খাতায় উত্তর লিখে দেয়ার অভিযোগে উপজেলার বজরা পূর্বপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক রতন কুমার সরকারকে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট হাতেনাতে আটক করেন। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ওয়ারেছ আনহারি ওই শিক্ষককে এক মাসের কারাদণ্ড দিয়ে জেলহাজতে পাঠিয়ে দেন। বরুণা ও আমতলী প্রতিনিধি জানান, বড়িরচর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. শাহাদাত হোসেন বলেন, 'শনিবার সাধারণ বিজ্ঞান পরীক্ষায় তিনি আমতলী এমইউ বালক মাধ্যমিক বিদ্যালয়ের ৬নং কক্ষের দায়িত্বে ছিলেন। পরীক্ষা

সকাল ১৫ মিনিট পর শাহীন ও ইসরাত জাহান ইভা নামের দুই পরীক্ষার্থীর অভিভাবক এসে নবল সরবরাহের জন্য প্রশ্নপত্র হলের বাইরে নিয়ে যেতে চাইলে আমি বাধা দেই। এতে কিন্তু হয়ে শাহীনের অভিভাবক আমাকে গালাগাল এবং পরীক্ষার পর দেখে নেয়ার হুমকি দিয়ে যায়। পরীক্ষা শেষে উত্তরপত্র গোছানোর সময় পরীক্ষার্থী শাহীন ও ইসরাত জাহান ইভার দুলাভাই রুবেল এসে আমাকে মারধর শুরু করেন। এ সময় অন্য শিক্ষকরা এগিয়ে এসে রুবেল পালিয়ে যান। ঘটনার সত্যতা স্বীকার করেছেন কেন্দ্র সচিব মো. নাসির উদ্দিন। আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নিজামুর রহমান জানান, এ বিষয়ে তদন্ত করে আইনপত্র ব্যবস্থা নেয়া হবে। চৌদ্দগ্রাম প্রতিনিধি জানান, চাচাতো ভাইয়ের প্রস্তুতি পরীক্ষা দিতে এসে ইব্রাহিম হোসেন ভূঁইয়া (২৩) নামে এক ভূয়া এসএসসি পরীক্ষার্থীকে পাকড়াও করে এক মাসের সাজা দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। ইব্রাহিম তার চাচাতো ভাই ইব্রাহিমের পরীক্ষা দিতে এসেছিলেন। চৌদ্দগ্রাম উপজেলা নির্বাহী কর্মকর্তা দেবময় দেওয়ান জানান, বনকাপৈতের পাঠানপাড়া গ্রামে ১০ম শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণের চেষ্টার অভিযোগে চিওড়া ইউনিয়নের ঝাটিয়ারমিল গ্রামের বাফুর মিমার হোসেন খোড়করা উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষার্থী ইব্রাহিম হোসেন ভূঁইয়া রনির বিরুদ্ধে সশ্রুতি মামলা হয়। ধরা পড়ার ভয়ে ইব্রাহিম কর্তমানে পলাতক। তার বদলে পরীক্ষা দিতে ইব্রাহিমকে পাঠানো হয়। রাজশাহী ব্যুরো জানায়, বাঘায় এসএসসি ভোকেশনালের ট্রেড-২ (ডাট্রিক) পরীক্ষা চলাকালে রাজশাহী জেলা প্রশাসকের নির্বাহী ম্যাজিস্ট্রেট নূরুজ আল-মুইদ ২২ পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। শাহদৌলা ডিগ্রি কলেজ ভেন্যুতে অনুষ্ঠিত ইসলামী একাডেমি উচ্চ বিদ্যালয় কারিগরি ও কৃষি কেন্দ্রের অধীনে এ পরীক্ষা হচ্ছিল। নূরুজ আল-মুইদ জানান, ঝটিকা অভিযানে গেলে তিনি দূর থেকেই দুই পরীক্ষার্থীর দিকে লক্ষ্য করে বুঝতে পারেন ব্যাপক হারে নবলের বিষয়টি। পরে পরীক্ষার্থীদের খাতা ও শরীরে তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণে নবল উদ্ধার করা হয়।